

যাত্রী সাধারণের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি

সি.টি.সি. বাসে মাসুলি টিকিট সংক্রান্ত

নিম্নলিখিত রুটগুলিতে নিম্নবর্ণিত স্থান থেকে নিত্যযাত্রীদের সুবিধার্থে মাসিক টিকিট-এর ব্যবস্থা করা হয়েছে। আগামী জুন ২০১৫ থেকে এই ব্যবস্থা চালু হবে।

রুট নং	রুটের নাম
টি-২	বিবাদীবাগ - নবান্ন - মন্দিরতলা
ই-৬	বেলগাছিয়া/রাজাবাজার - ধর্মতলা - আমতা

- মোট ১৮টি রাউন্ডট্রিপের ভাড়া হবে মাসিক টিকিটের দাম।
- এই মাসিক টিকিট হস্তান্তরযোগ্য নয়।
- ধর্মতলায় এ.সি. ট্রামের টিকিট কাউন্টার থেকে এই টিকিট পাওয়া যাবে।
- ২৫ মে ২০১৫ থেকে ৫ জুন ২০১৫ পর্যন্ত (সকাল ৯.৩০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) জুন মাসের জন্য টিকিট পাওয়া যাবে।
- টিকিট সম্পূর্ণ মাসের জন্য হবে। অর্থাৎ জুন মাসের ৩০ তারিখ পর্যন্ত এই টিকিট বলবৎ থাকবে। (যে তারিখে টিকিট কাটা হোক না কেন)।
- পরবর্তী মাসের মাসিক টিকিট অনুরূপভাবে পূর্ববর্তী মাসের ২৫ তারিখ থেকে পরবর্তী মাসের ৫ তারিখ পর্যন্ত নির্দিষ্ট সময়ে (সকাল ৯.৩০ টা থেকে বিকেল ৫টা) উক্ত টিকিট কাউন্টারে পাওয়া যাবে।
- আইডেনটিটি কার্ড (এককালীন)-এর জন্য সম্প্রতি তোলা একটি ছবি (স্ট্যাম্প সাইজ) আনতে হবে।
- আইডেনটিটি কার্ডের জন্য ১০ টাকা প্রদেয় হবে।